



Office of Temporary and Disability Assistance

প্রশাসনিক শুনানি বিষয়ক অফিস

টেলিফোনে শুনানি সংক্রান্ত বিজ্ঞপ্তি

আপনার একটি টেলিফোনে শুনানির সময়সূচি নির্ধারণ করা হয়েছে। আপনাকে ন্যায্য শুনানির অফিসে (Fair Hearing Office) যেতে হবে না।

এই সংযুক্তির সাথে অন্তর্ভুক্ত ন্যায্য শুনানির বিজ্ঞপ্তিতে টেলিফোনে শুনানির তারিখ ও সময় উল্লেখ করা হয়েছে।

যদি আপনার অ্যাপয়েন্টমেন্ট সকালে হয়, তাহলে আপনাকে অবশ্যই সকাল 9:00টা থেকে দুপুর 1:00টা পর্যন্ত হিয়ারিং অফিসারের কাছ থেকে কল গ্রহণ করার জন্য আপনার টেলিফোনের কাছে থাকতে হবে। যদি আপনার অ্যাপয়েন্টমেন্ট বিকালে হয়, তাহলে আপনাকে অবশ্যই দুপুর 1:00টা থেকে বিকাল 5:00টা পর্যন্ত হিয়ারিং অফিসারের কাছ থেকে কল গ্রহণ করার জন্য আপনার টেলিফোনের কাছে থাকতে হবে।

হিয়ারিং অফিসারের কল 518.549.0500, ব্লকড (Blocked) অথবা 212.459.7801 কলার আইডি দিয়ে দেখানো হতে পারে।

আপনি টেলিফোনে এজেন্সির প্রেজেন্টেশন শুনতে পারবেন এবং আপনি এজেন্সির প্রতিনিধিকে ও সাক্ষীদের মধ্যে যেকোনো ব্যক্তিকে প্রশ্ন করার সুযোগ পাবেন। এছাড়াও আপনি পর্যালোচনাধীন বিষয়টি নিয়ে আপনার নিজস্ব বক্তব্য টেলিফোনের মাধ্যমে উপস্থাপন করার সুযোগ পাবেন।

যদি আপনার কোনো প্রতিনিধি থাকে, তাহলে তাকে হিয়ারিং অফিসারের কাছ থেকে কল গ্রহণ করার জন্য সকালের অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে সকাল 9:00টা থেকে দুপুর 1:00টা পর্যন্ত টেলিফোনের কাছে থাকতে হবে। বিকালের অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে আপনার প্রতিনিধিকে হিয়ারিং অফিসারের কাছ থেকে কল গ্রহণ করার জন্য দুপুর 1:00টা থেকে বিকাল 5:00টা পর্যন্ত টেলিফোনের কাছে থাকতে হবে। প্রতিনিধিত্ব করার লিখিত অনুমোদনপত্রের পাশাপাশি আপনি রেকর্ডে অন্তর্ভুক্ত করতে চান এমন যেকোনো বাড়তি কাগজপত্র এই অফিসে জমা দিতে হবে। আপনার প্রতিনিধি এজেন্সির ফাইল পরীক্ষা করার এবং এজেন্সির প্রতিনিধি ও সাক্ষীদের প্রশ্ন করার সুযোগ পাবেন।

আপিলকারী ও তার অনুমোদিত প্রতিনিধিদেরকে শুনানির কমপক্ষে দুই কার্যদিবস আগে OAH-এর কাছে প্রামাণ্য কাগজপত্রের কপি পাঠানোর জন্য নির্দেশনা দেয়া হচ্ছে। OAH ইমেইলে, ফ্যাক্সে, অথবা ডাকযোগে সাক্ষ্যপ্রমাণ গ্রহণ করে থাকে। যদি ডাকযোগে পাঠান, তাহলে সাক্ষ্যপ্রমাণ যথাসময়ে পৌঁছানো নিশ্চিত করতে অনুগ্রহ করে ডেলিভারির সময় বিবেচনায় রাখুন।

ইমেইল: appdocs@otda.ny.gov

ফ্যাক্স: 518-473-6735

ডাকযোগে: Office of Administrative Hearings, 40 N Pearl St, Fl 15B, Albany NY 12243

অথবা

PO Box 1930 Albany NY 12201

যদি আপনার উপরোক্ত প্রক্রিয়া সম্পর্কে কোনো প্রশ্ন থাকে, তাহলে সহায়তার জন্য অনুগ্রহ করে টোল-ফ্রি 800-342-3334 নম্বরে এই অফিসে ফোন করুন।

টেলিফোনে শুনানি সংক্রান্ত বিজ্ঞপ্তি

পত্র D (OAH-457 এর সংযুক্তি)